354

দৈনিক ইনকিলাব

তারিখ ... MAY 1 2 1999
পৃষ্ঠা ৭ কলাম ৩

## অবৈধ দখলকারীদের কব্জা থেকে স্কুলের সম্পত্তি উদ্ধারের আবেদন

রাজবাড়ী জেলার সদর থানার চর খানখানাপুর সরকারী প্রাইমারী স্কুলের জায়গা কিছু লোক অবৈধভাবে দখল করে পোলট্রি হ্যাচারী নির্মাণ করেছে। তারা স্কুলের ম্যানেজিং কমিটির লোকদের ভয়-ভীতি দেখায়। গত ২৭-৪-৯৯ তারিখে স্কুলের সীমানা নির্ধারণের তারিখ ধার্য করা হয়েছিল। স্কুলের ম্যানেজিং কমিটি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের স্কুলের সামনে হাজির হয়ে জমি বুঝিয়ে দিতে বললেও তারা অস্বীকৃতি জানায় এবং জবর-দখলকারীরা নানাভাবে ভয়-ভীতি প্রদর্শন করতে থাকে। এছাড়াও সন্ত্রাসীরা নানাভাবে স্থানীয় লোকদের উপর অত্যাচার করছে। আমরা স্থানীয় জনগণ তাদের দাপটে অতিষ্ঠ। অতএব, আমরা যাতে সন্ত্রাসীদের কবল থেকে নিরাপত্তা লাভ করতে পারি এবং তাদের জবর-দখলকৃত স্কুলের জমি যাতে স্কুলকে ফেরত দেয়া হয়, তজ্জন্য আমরা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট সবিনয়ে আবেদন জানাচ্ছি।

—মোঃ দিদার হোসেন, পিতা- মৃতঃ হাসেন আলী শেখ,
গ্রাম- চর-খানখানাপুর, জেলা-রাজবাড়ী।